# বাবুগঞ্জ উপজেলার জুলাই/২০২৩ মাসের উপজেলা পরিষদ সাধারণ সভার কার্যবিবরণী

সভাপতি : কাজী ইমদাদুল হক
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
বাবুগঞ্জ, বরিশাল।

সভার স্থান : উপজেলা পরিষদ সভাকক্ষ, বাবুগঞ্জ, বরিশাল।
তারিখ : ২০/০৭/২০২৩ খ্রিঃ ; সময় ঃ ১১:০০ মিনিট।

সভায় উপস্থিত/অনুপস্থিত সদস্যগণের নামের তালিকা পরিশিষ্ট 'ক'।

উপজেলা নির্বাহী অফিসার, বাবুগঞ্জ উপজেলা পরিষদ সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সম্মানিত সভাপতির পরামর্শক্রমে সভার কার্যক্রম শুরু করেন। এরপর বিগত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনানো হয় এবং কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর বিভাগীয় কার্যক্রম পর্যালোচনার জন্য সদস্যবৃন্দকে অনুরোধ করা হয়।

| বিভাগ | বিষয়বস্তু | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| প্রকৌশল বিভাগ | (ক) জনাব মোঃ শহিদুল ইসলাম, উপজেলা প্রকৌশলী, বাবুগঞ্জ, বরিশাল সভাকে অবহিত করেন যে, উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, বাবুগঞ্জ তার কার্যালয়ের সামনের রাস্তা চলাচলের অনুপযোগি ও অফিসে ব্যবহৃত টয়লেট এর অবস্থা জরাজীর্ন মর্মে জানিয়েছেন বিধায় অফিসের সামনের রাস্তা এবং ব্যবহৃত টয়লেট জরুরীভিত্তিতে মেরামত করা প্রয়োজন। সভায় উক্ত বিষয়ে নিয়ে আলোচনা করা হয়। | (ক) উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালয়, বাবুগঞ্জ সামনের রাস্তা ও উক্ত অফিসের টয়লেট মেরামত করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা প্রকৌশলী বাবুগঞ্জ, বরিশাল। |
| | (খ) তিনি আরো জানান যে,জনাব আবুল কালাম হাওলাদার, পিতা-মৃত আবুল হাসেম হাওলাদার, গ্রাম-গজালিয়া, মাধবপাশা, বাবুগঞ্জ, বরিশাল কর্তৃক বরিশাল বানারীপাড়া সড়কে "গজালিয়া স্থান হতে মুক্তিযোদ্ধা মাস্টার কেরামত আলী মল্লিক সাহেবের বাড়ির দরজা হয়ে বীরপাশা উত্তর বাড়ি পর্যন্ত" রাস্তা উক্ত মুক্তিযোদ্ধার নামে আইডি ও নামকরন করার আবেদন করেছেন। সভায় উক্ত বিষয়ে নিয়ে আলোচনা করা হয়। | (খ) বীর মুক্তিযোদ্ধার নামে রাস্তার আইডি ও নামকরনের দরখাস্ত জেলা উন্নয়ন ও সমন্বয় কমিটির সভায় উপস্থাপনের জন্য জেলা প্রশাসক, বরিশাল বরাবর প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| | (গ) তিনি উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় ৬ষ্ঠ পর্যায়ে(২০২১-২২) বাছাইকৃত উপজেলায় অবকাঠামো উন্নয়নমূলক উপ-প্রকল্প বাস্তবায়নের জন্য উপজেলা প্রকল্প বাছাই কমিটির সুপারিশক্রমে নিম্মোক্ত দুটি উপ-প্রকল্প অনুমোদনের জন্য সভায় প্রস্তাব করেন।<br>ক্রমিক: ১ — প্রকল্পের নাম: বাবুগঞ্জ উপজেলায় ০৬ টি কমিউনিটি ক্লিনিক সংস্কার ও মেডিকেল যন্ত্রপাতি ক্রয় — টাকার পরিমাণ: ১২,০০,০০০/-(বার লক্ষ) (ভ্যাট ও আয়কর বাদে) ১৩,৪০,৭৮২/- (ভ্যাট ও আয়করসহ) | (গ) সভায় প্রস্তাবিত প্রকল্পগুলো বাস্তবায়নের সিদ্ধান্তসহ চুড়ান্ত অনুমোদনের জন্য প্রকল্প পরিচালক, ঢাকা বরাবর গৃহীত হয়। | |

| ক্রমিক | প্রকল্পের নাম | টাকার পরিমাণ |
|---|---|---|
| ১ | বাবুগঞ্জ উপজেলায় ০৬ টি কমিউনিটি ক্লিনিক সংস্কার ও মেডিকেল যন্ত্রপাতি ক্রয় | ১২,০০,০০০/-(বার লক্ষ) (ভ্যাট ও আয়কর বাদে) ১৩,৪০,৭৮২/- (ভ্যাট ও আয়করসহ) |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| | ২ | বাবুগঞ্জ উপজেলায় বিভিন্ন গুরুত্বপূর্ণ রাস্তায় সোলার প্যানেলসহ স্ট্রীট লাইট স্থাপনঃ-<br>(ক) উপজেলা ডাক বাংলো হতে মীরগঞ্জ খেয়াঘাট পর্যন্ত সোলার প্যানেলসহ স্ট্রীট লাইট স্থাপন।<br>(খ) চাঁদপাশা জুনিয়র বাজার হতে নোমরহাট বাজার পর্যন্ত রাস্তায় সোলার প্যানেলসহ স্ট্রীট লাইন স্থাপন।<br>(গ) রহমতপুর আলী মার্কেট হতে মোহনগঞ্জ-বাবুগঞ্জ রাস্তা সংযোগ সড়ক পর্যন্ত রাস্তায় রাস্তায় সোলার স্ট্রীট লাইন স্থাপন।<br>(ঘ) বীরশ্রেষ্ঠ জাহাঙ্গীরনগর চরফতেপুর পাগলার বাড়ী হতে ইউনিয়ন পরিষদ পর্যন্ত রাস্তায় সোলার স্ট্রীট লাইন স্থাপন।<br>(ঙ) দেহেরগতি রাহুতকাঠী বাজার হতে বাহেরচর বাজার পর্যন্ত রাস্তায় সোলার স্ট্রীট লাইন স্থাপন।<br>সভায় এ বিষয় নিয়ে আলোচনা করা হয়। | ২৮,০০,০০০/-<br>(আটাশ লক্ষ)<br>(ভ্যাট ও আয়কর বাদে)<br>৩১,২৮,৪৯২/-<br>(ভ্যাট ও আয়করসহ) | | |
| মৎস্য বিভাগ | | জনাব শিমুল রানী পাল, সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, বাবুগঞ্জ, বরিশাল সভায় জানান যে, তাদের দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরো জানান যে,<br>(ক) দেশীয় প্রজাতির মাছ ও শামুক সংরক্ষণ ও উন্নয়ন প্রকল্পের আওতায় বিভিন্ন খালে, নদীতে অবৈধ জাল ও চরগড়া বেহুন্দি জাল নির্মূলে অভিযান/মোবাইল কোর্ট চলমান আছে।<br>(খ) জেলে নিবন্ধন কার্যক্রম চলমান আছে।<br>(গ) জাতীয় মৎস্য সপ্তাহ-২০২৩ আগামী ২৪/০৭/২০২৩ হতে ৩০/০৭/২০২৩ পর্যন্ত উদযাপন করা হবে।<br>এছাড়া তিনি আরো জানান জাতীয় মৎস্য সপ্তাহ-২০২৩ উপলক্ষ্যে মৎস্য পোনা সরকারি জলাশয়ে অবমূক্ত করা হবে। | | সুষ্ঠুভাবে দাপ্তরিক কার্যক্রম পরিচালনার জন্য তাকে ধন্যবাদ জ্ঞাপন করা হয়। | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, বাবুগঞ্জ বরিশাল । |
| স্বাস্থ্য বিভাগ | | উপজেল স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, বাবুগঞ্জ, বরিশাল এর প্রতিনিধি সভায় জানান যে, স্বাস্থ্য বিভাগের সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। বাবুগঞ্জ উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে কোভিড-১৯ এর ভ্যাকসিন সরবরাহ না থাকায় টিকাদান কার্যক্রম আপাততঃ বন্ধ আছে। পরবর্তীতে কোভিড-১৯ ভ্যাকসিন প্রাপ্তি সাপেক্ষে ঘোষনা অনুযায়ী টিকাদান কার্যক্রম চালু হবে। ডায়রিয়া সারা বছরের রোগ হলেও প্রতিবছর জুন ও জুলাই মাসে তীব্র গরমে ইহার প্রাদুর্ভাব বেশী ঘটে। এ জন্য রান্নার কাজে বিশুদ্ধ পানি ব্যবহার করতে হবে। সারা দেশে ডেঙ্গু জ্বরের প্রকোপ বৃদ্ধি পেয়েছে। জ্বর হলে অবশ্যেই নিকটস্থ হাসপাতালে ডেঙ্গু জ্বর কি-না পরীক্ষা করে নিশ্চিত হতে হবে। কোন স্থানে যেন পানি জমে না থাকে সেদিকে খেয়াল রাখতে হবে। স্বাস্থ্য বিধি মেনে চলতে হবে ও এ বিষয়ে জনপ্রতিনিধিসহ সকলকে সচেতনতা বৃদ্ধির জন্য আহবান করতে হবে। | | সুষ্ঠুভাবে দাপ্তরিক কার্যক্রম পরিচালনার জন্য তাকে ধন্যবাদ জ্ঞাপন করা হয়। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, বাবুগঞ্জ, বরিশাল |

CamScanner

| | | | |
|---|---|---|---|
| কৃষি বিভাগ | জনাব মোঃ মামুনুর রহমান, উপজেলা কৃষি অফিসার, বাবুগঞ্জ, বরিশাল সভায় বলেন যে, উপজেলার কৃষি কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। খরিফ-২ মৌসুমে ফসলের আবাদ বৃদ্ধির পরিকল্পনা হিসাবে ৯৬০০ হেক্টর জমিতে আমন ধান, ৬০০ হেক্টর জমিতে শরৎকালীন শাক-সবজি চাষের লক্ষ্যমাত্রা রয়েছে। আবহাওয়ার পরিস্থিতি স্বাভাবিক থাকলে এবং কৃষি উপকরণ সহজলভ্য হলে ধান ও তেল ফসল আবাদের লক্ষ্যমাত্রা ছাড়িয়ে যাবার সম্ভাবনা রয়েছে। এছাড়া খরিপ-২ মৌসুমে কৃষি প্রণোদনা কর্মচসূচির আওতায় ৭০০ জন কৃষককে উফশী আমন ধান ও সার প্রদান করা করা হয়েছে। | সুষ্ঠুভাবে দাপ্তরিক কার্যক্রম পরিচালনার জন্য তাকে ধন্যবাদ জ্ঞাপন করা হয়। | উপজেলা কৃষি কর্মকর্তা ,বাবুগঞ্জ বরিশাল |
| প্রাণি সম্পদ বিভাগ | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, বাবুগঞ্জ,বরিশাল সভাকে অবহিত করেন যে, এ উপজেলার প্রাণি সম্পদ বিভাগের চিকিৎসা, কৃত্রিম প্রজননসহ সকল কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। চলতি মাসে বাবুগঞ্জ উপজেলায় ৬৪৮ টি গরু ২০০ টি ছাগলকে টিকা প্রদান করা হয়েছে। এছাড়া ৮৮০০ টি হাঁস মুরগিকে টিকা প্রদান করা হয়েছে। উপজেলায় মোট ১৮০৪ টি গবাদি পশুকে ও ১২৬৬৪ টি হাঁসমুরগিকে চিকিৎসা প্রদান করা হয়েছে। ২৭৩ টি গাভীকে কৃত্রিম প্রজনন করা হয়েছে। বাবুগঞ্জ উপজেলার দেহেরগতি ইউনিয়নে " ইউনিয়ন প্রাণিসম্পদ সেবা কেন্দ্র" কার্যক্রম চলমান আছে এবং বিভিন্ন সেবা কার্যক্রম চলছে। এলডিডিপি প্রকল্পের আওতায় পিজি গ্রুপের প্রশিক্ষণ কার্যক্রমসহ বিভিন্ন টিকা দান কর্মসূচী চলছে। প্রাণি সম্পদ দপ্তর ও ভেটেরিনারী হাসপাতাল চত্বরে উন্নত জাতের নেপিয়ার পাকচং-০১ ঘাসের দুইটি প্লট আছে। খামারীদের ঘাসের কাটিং সরবরাহ করা হয়। জাহাঙ্গীরনগর ইউনিয়নের আগরপুর প্রাণি চিকিৎসা উপকেন্দ্র ও কৃত্রিম প্রজনন পয়েন্ট থাকায় উক্ত ইউনিয়নের সেবা কার্যক্রম সেখান থেকেই প্রদান করা হয়। । | সুষ্ঠুভাবে দাপ্তরিক কার্যক্রম পরিচালনার জন্য তাকে ধন্যবাদ জ্ঞাপন করা হয়। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, বাবুগঞ্জ বরিশাল |
| শিক্ষা বিভাগ | জনাব রোমাঞ্চ আহম্মেদ, উপজেলা শিক্ষা কর্মকর্তা, বাবুগঞ্জ, বরিশাল এর প্রতিনিধি সভায় জানান যে, স্বাস্থ্য বিধি পালন করে সকল বিদ্যালয়ের সুষ্ঠ ও সুন্দরভাবে কার্যক্রম চলছে। সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক/সহকারী শিক্ষকদের জুন,২০২৩ মাসের বেতন প্রদান করা হয়েছে এবং সদ্য ঘোষিত ৫% ভাতা জুলাই মাসের বেতনের সাথে সংযুক্ত করা হবে। বঙ্গবন্ধু ও বঙ্গমাতা প্রাথমিক বিদ্যালয় ফুটবল টুর্নামেন্ট ইউনিয়ন পর্যায়/২০২৩ খেলা সমাপ্ত হয়েছে এবং উপজেলা পর্যায়ের খেলা জুলাই/২০২৩ মাসের মধ্যে সম্পন্ন হবে ।<br>তিনি আরো জানান যে,কালিকাপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের নতুন ভবন করার বরাদ্দ পাওয়া সত্ত্বেও জায়গা না থাকায় উক্ত ভবন করা যাচ্ছে না। উক্ত স্কুলের ভবন অন্য কোন স্কুলে স্থানান্তর করা যায় কিনা এ বিষয়ে উপজেলা প্রকৌশলীর নিকট মতামত সভার মাধ্যমে জানতে চাওয়া হয়। | তার দপ্তরের কার্যক্রম সুন্দর ও সুষ্ঠুভাবে পরিচালনার জন্য ধন্যবাদ জ্ঞাপন করা হয়। | উপজেলা শিক্ষা কর্মকর্তা, বাবুগঞ্জ বরিশাল |
| সমাজসেবা বিভাগ | জনাব মোঃ মিজানুর রহমান, উপজেলা সমাজসেবা কর্মকর্তা, বাবুগঞ্জ, বরিশাল জানান যে, সমাজসেবা বিভাগের কার্যক্রম স্বাভাকিভাবে চলছে। তিনি সভাকে অবহিত করেন যে,<br>(ক) রোগী কল্যান সমিতির কার্যক্রম চলমান।<br>(খ) সমাজসেবা অধিদপ্তর কর্তৃক পরিচালিত সামাজিক নিরাপত্তা কর্মসূচির আওতাধীন উপকারভোগীদের লাইফ ভেরিফিকেশন কার্যক্রম চলমান।<br>(গ) ২০২২-২৩ অর্থ বছরের প্রতিবন্ধী ভাতার অনলাইন আবেদন কার্যক্রম চলমান। এ উপজেলায় যত বেশী আবেদন হবে তার উপর ভিত্তি করে এ উপজেলায় প্রতিবন্ধী ভাতা প্রদান করা হবে। | সুষ্ঠুভাবে কার্যক্রম পরিচালনার জন্য তাকে ধন্যবাদ জ্ঞাপন করা হয়। প্রতিবন্ধী ভাতার আবেদন করার জন্য ব্যাপক প্রচারনা চালাতে হবে। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, বাবুগঞ্জ, বরিশাল চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ (সকল)। |

CamScanner

| | | | |
|---|---|---|---|
| | তিনি আরো জানান যে, সমাজ সেবা অধিদপ্তর কর্তৃক পরিচালিত সামাজিক নিরাপত্তা কর্মসূচির উপকারভোগীদের ২০২৩-২৪ অর্থ বছরের ১ম কিস্তির পে-রোল প্রেরণের পূর্বেই আগামী ৩১ আগস্ট, ২০২৩ এর মধ্যে উপকারভোগীরা উপজেলায় স্বশরীরে উপস্থিত থেকে লাইভ ভেরিফিকেশন করবেন মর্মে নির্দেশনা রয়েছে। সভায় এ বিষয়ে আলোচনা হয়।<br>তিনি আরো জানান যে, প্রতিবন্ধীদের হুইল চেয়ার এর প্রয়োজন হলে তার বরাবরে আবেদন করে হুইল চেয়ার সংগ্রহ করতে অনুরোধ করেন। | সমাজ সেবা অধিদপ্তর কর্তৃক পরিচালিত সামাজিক নিরাপত্তা কর্মসূচির উপকারভোগীদের আগামী ৩১ আগস্ট, ২০২৩ খ্রি. তারিখের মধ্যে লাইভ ভেরিফিকেশন নিশ্চিত করতে হবে। এ বিষয়ে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণ তাদের ইউনিয়নে ব্যাপক প্রচারনা করবেন। | |
| পরিসংখ্যান বিভাগ | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা (ভারপ্রাপ্ত) বাবুগঞ্জ, বরিশাল জনাব মোঃ সালাম শিকদার সভায় বলেন যে, পরিসংখ্যান বিভাগের কার্যক্রম যথাযথভাবে চলছে। তিনি আরো বলেন যে,<br>(ক) খাদ্য নিরাপত্তা পরিসংখ্যান জরিপ বিষয়ক কার্যক্রম সম্পাদন হয়েছে।<br>(খ) মাসিক কৃষি মজুরীর হার জরিপ এর তথ্য সংগ্রহ কার্যক্রম সম্পাদন হয়েছে।<br>(গ) কৃষি পরিসংখ্যান প্রস্তুতের জন্য স্থায়ী ও অস্থায়ী ফসলের আনুমানিক হিসাব সংগ্রহ কার্যক্রম সম্পন্ন হয়েছে। | সুষ্ঠুভাবে কার্যক্রম সম্পন্ন করার জন্য তাকে ধন্যবাদ জ্ঞাপন করা হলো। | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, বাবুগঞ্জ বরিশাল |
| সমবায় বিভাগ | উপজেলা সমবায় কর্মকর্তা, বাবুগঞ্জ, বরিশাল সভায় জানান যে, সমবায় দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। ২০২২-২০২৩ অর্থ বছরের নিরীক্ষা কার্যক্রম চলছে। ২০২১-২০২২ সনের অডিট ফি বাবদ ৩৮৮৩০/- টাকা এবং সমবায় উন্নয়ন তহবিল আদায় করা হয়েছে ৩৪১৮১/- টাকা।<br>আশ্রয়ণ প্রকল্প ঃ অত্র উপজেলার দুটি আশ্রয়ণ বহুমূখী সমবায় সমিতি রয়েছে। উক্ত সমিতিতে ঋণ বিতরণ ও আদায় কার্যক্রম চলমান আছে। গোয়ালদী-মুগুরিয়া আশ্রয়ণ সমবায় সমিতিতে এ পর্যন্ত ৭,০০,০০০/- টাকা বিতরণ করা হয়েছে। যার মধ্যে ৪,৮১,৮৩৫/- টাকা আদায় করা হয়েছে। আদায়ের হার ৬৯%। কিসমতঠাকুর মল্লিক আশ্রয়ণ বহুমূখী সমিতেতে১৫,৮৮,০০০/- টাকা ঋণ বিতরণ করা হয়েছে। আদায় হয়েছে ১২,৬১,২৪৬/- টাকা। আদায়ের হার ৭৯%।<br>দুগ্ধ প্রকল্প ঃ শতভাগ সরকারি অর্থায়ণে চাঁদপাশা ইউনিয়ন প্রাথমিক দুগ্ধ উৎপাদনকারী সমবায় সমিতিতে প্রথম পর্যায়ে ২০১৪-২০১৫ সালে ৩৩,১০,০০০/- টাকা ঋণ প্রদান করা হয়েছে। তন্মধ্যে ২৯,৭৫,৬০০/- আদায় হয়েছে । আদায়ের হার- ৯০%। এছাড়া বিগত ১৫/০২/২০২২ খ্রিস্টাব্দ তারিখে ৮৭ জন সদস্যদের মধ্যে প্রত্যেককে ১,০০,০০০/- টাকা করে ৮৭,০০,০০০/- টাকা ঋণ প্রদান করা হয়েছে। এ পর্যন্ত আদায় হয়েছে ৪,৭৯,০০০/- টাকা। | (ক) ঋণ খেলাপিদের বিরুদ্ধে আইনানুগ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য পরামর্শ দেয়া হলো। | উপজেলা সমবায় কর্মকর্তা, বাবুগঞ্জ বরিশাল। |
| মাধ্যমিক শিক্ষা বিভাগ | জনাব নাসরিন জোবায়দা আকতার, উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, বাবুগঞ্জ, বরিশাল সভায় বলেন যে,<br>(ক) বঙ্গবন্ধু সৃজনশীল মেধা অন্বেষণ প্রতিযোগিতা-২০২৩ এর কার্যক্রম সমাপ্ত হয়েছে এবং পুরস্কার বিতরণ কার্যক্রম চলমান আছে।<br>(খ) জাতীয় শিক্ষা সপ্তাহ-২০২৩ এর কার্যক্রম সমাপ্ত হয়েছে এবং পুরস্কার বিতরণ কার্যক্রম চলমান আছে। | সুষ্ঠুভাবে দাপ্তরিক কার্যক্রম পরিচালনার জন্য তাকে ধন্যবাদ জ্ঞাপন করা হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, বাবুগঞ্জ, বরিশাল |

CamScanner

| | | | |
|---|---|---|---|
| | (গ) পারফরমেন্স বেজডগ্রান্টস ফর সেকেন্ডারী ইন্সটিটিউশনস(পিবিজিএসআই) স্কিম এর একদিন ওরিয়েন্টেশন কার্যক্রম সমাপ্ত হয়েছে।<br>(ঘ) শেখ রাসেল ডিজিটাল ল্যাব শিক্ষকদের প্রশিক্ষণ কার্যক্রম সমাপ্ত হয়েছে। | | |
| পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা (অতিঃ দাঃ), বাবুগঞ্জ, বরিশাল সভায় বলেন যে, তার দপ্তরের কাজকর্ম স্বাভাবিকভাবে চলছে। জুন,২০২৩ মাসের কার্যক্রম নিম্নরুপ-<br>১। ০৯/০৭/২০২৩ খ্রি. তারিখ রবিবার রহমতপুর ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রে ইমপ্লান্ট ক্যাম্প চলমান থাকবে।<br>২। ১১/০৭/২০২৩ খ্রি. তারিখ মঙ্গলবার উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স বাহেরচর এ স্থায়ী পদ্ধতির ক্যাম্প চলমান থাকবে।<br>৩। ১৮/০৭/২০২৩ খ্রি. তারিখ মঙ্গলবাব জাহাঙ্গীরনগর ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রে ইমপ্লান্ট ক্যাম্প ।<br>৩। ২৩/০৭/২০২৩ খ্রি. তারিখ রবিবার রহমতপুর ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রে ইমপ্লান্ট ক্যাম্প চলমান থাকবে।<br>৫। ২৫/০৭/২০২৩ খ্রি. তারিখ মঙ্গলবার উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স বাহেরচর এ স্থায়ী পদ্ধতির ক্যাম্প চলমান থাকবে।<br>উপরোল্লিখিত ক্যাম্পের সার্বিক সফলতার জন্য সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন।<br>জুন/২০২৩ খ্রিস্টাব্দ মাসের স্থায়ী ও দীর্ঘমেয়াদী পদ্ধতির অগ্রগতি নিম্নরুপঃ-<br>স্থায়ী পদ্ধতির- ১, আইউডি- ০৮ জন, ইমপ্লান্ট- ১৩ জন। মোট সক্ষম দম্পত্তি ২৭২০৫ জন, গ্রহণকারী- ২১১১১ জন, সিএআর- ৭৭.৬০%। | সুষ্ঠুভাবে দাপ্তরিক কার্যক্রম পরিচালনার জন্য তাকে ধন্যবাদ জ্ঞাপন করা হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, বাবুগঞ্জ বরিশাল |
| পল্লী উন্নয়ন বিভাগ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বাবুগঞ্জ, বরিশাল সভায় জানান যে, তার বিভাগের কার্যক্রম সুষ্ঠু ও সুন্দরভাবে সম্পাদন করা হচ্ছে। তিনি আরো বলেন যে, উপজেলা পল্লী উন্নয়ন জুন/২০২৩ মাসের কার্যক্রম নিম্নরুপ ঃ | সুষ্ঠুভাবে দাপ্তরিক কার্যক্রমপরিচালনার জন্য তাকে ধন্যবাদ জ্ঞাপন করা হয়। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বাবুগঞ্জ |

| ক্র: নং: | প্রকল্পের নাম | শেয়ার | সঞ্চয় | বিতরণ | আদায় |
|---|---|---|---|---|---|
| ০১ | মহিলা উন্নয়ন অনুবিভাগ | | .১০ | ৯.৯০ | ৭.০৫ |
| ০২ | আবর্তক | .০৫ | .০৯ | ১০.৭১ | ৬.৯৪ |
| ০৩ | সদাবিক | - | .০১ | - | .১৯ |
| ০৪ | পল্লী প্রগতি | - | - | - | .০২ |
| ০৫ | মুক্তিযোদ্ধা | - | - | ২.৫০ | - |
| ০৬ | ইরেসপো | - | .০৮ | ২২.৬৬ | ১২.৪৬ |
| ০৭ | অপ্রধান শস্য | - | .০১ | ৩.৬৮ | ১.৫৬ |
| ০৮ | আদর্শ গ্রাম-২ | - | - | - | - |
| ০৯ | এসএমই(কোভিড-১৯) | - | - | - | .৪৮ |
| | সর্বমোট | .০৫ | .২৯ | ১২.৮৫ | ২৮.৬৯ |

| | | | |
|---|---|---|---|
| | পিআরডিপি-৩ ঃ ২০২২-২০২৩ অর্থ বছরের পিআরডিবি-৩ প্রকল্পের চলমান সকল স্কীমের কাজ ও প্রশিক্ষণ সফল ভাবে সমাপ্ত হয়েছে। | | |

CamScanner

| | | | |
|---|---|---|---|
| যুব উন্নয়ন বিভাগ | জনাব আবদুর রহমান সনামত, উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা বাবুগঞ্জ, বরিশাল সভায় জানান যে, তাদের দপ্তরের কার্যক্রম নিম্নরূপ-<br>প্রশিক্ষণ । ২০২২-২৩ অর্থ বছরে অপ্রাতিষ্ঠানিক প্রশিক্ষণের (লক্ষমাত্রা অনুযায়ী) ০৭ টি ব্যাচ সম্পন্ন হয়েছে।<br>ঋণ । ২০২২-২৩ অর্থ বছরে ৭০ জন কে ২০,৭০,০০০/-( বিশ লক্ষ সত্তর হাজার) টাকা যুব ঋণ বিতরণ করা হয়েছে।<br>সংগঠন নিবন্ধনঃ ০১ (এক) টি।<br>অনুদানঃ দোয়ারিকা মহিলা উন্নয়ন সংস্থা ৪০,০০০/- টাকা অনুদান প্রদান করা হয়েছে। | সুষ্ঠুভাবে দাপ্তরিক কার্যক্রম পরিচালনার জন্য তাকে ধন্যবাদ জ্ঞাপন করা হয়। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, বাবুগঞ্জ বরিশাল |
| মহিলা বিষয়ক অধিদপ্তর | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, বাবুগঞ্জ, বরিশাল এর প্রতিনিধি সভাকে জানান যে, তাদের দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক ও সুন্দরভাবে চলছে। সকল ইউনিয়নে কিশোর-কিশোরী ক্লাব সুন্দর ও সুষ্ঠুভাবে চলছে। নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ, বাল্য বিবাহ নিরোধ এবং মানব পাচার প্রতিরোধ বিষয়ক উঠান বৈঠক হয়েছে । আইজিএ প্রশিক্ষণ প্রকল্পের প্রশিক্ষণ বন্ধ আছে। নতুন ২০২৩-২০২৪ চক্রের ভিডব্লিউবি (পূর্বের ভিজিডি) আবেদন এর চুড়ান্ত তালিকা অনুসারে কার্ড এবং খাদ্য বিতরণ কার্যক্রম চলছে। ২০২২-২০২৩ অর্থ বছরের মা ও শিশু সহায়তা কর্মসূচীর ভাতাভোগী নির্বাচন করা হয়েছে। | সুষ্ঠুভাবে দাপ্তরিক কার্যক্রম পরিচালনার জন্য তাকে ধন্যবাদ জ্ঞাপন করা হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা বাবুগঞ্জ, বরিশাল |
| দুর্যোগ ব্যবস্থাপনা বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, বাবুগঞ্জ, বরিশাল কে পরবর্তী সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | পরবর্তী সভায় উপস্থিত থেকে বিভাগের কার্যক্রম সম্পর্কে অবহিত করার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা বাবুগঞ্জ বরিশাল। |
| জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ | প্রকৌশলী মোঃ সুমন, উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশলী, বাবুগঞ্জ, বরিশাল সভাকে অবহিত করেন যে,তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে । সাড়া দেশে নিরাপদ পানি সরবরাহ শীর্ষক প্রকল্পের আওতায় বাবুগঞ্জ উপজেলায় ২০২৩-২০২৪ অর্থ বছরে প্রতিটি ইউনিয়নে ২৬ টি করে গভীর নলকূপ বরাদ্দ পাওয়া গেছে। যার ৫০% স্থানীয় মাননীয় সংসদ সদস্য এবং বাকী ৫০% ইউনিয়ন WATSAN কমিটি স্থান নির্ধারণ করতে হবে। | সুষ্ঠুভাবে দাপ্তরিক কার্যক্রম পরিচালনার জন্য তাকে ধন্যবাদ জ্ঞাপন করা হয়। | উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, বাবুগঞ্জ, বরিশাল |
| বন বিভাগ | জনাব মোঃ মোজাম্মেল হক, ফরেস্টার, বাবুগঞ্জ, বরিশাল সভাকে জানান যে, তার বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। ২০২৩-২০২৪ অর্থ বছরে কোন কার্যক্রম আসেনি। কার্যক্রম পাওয়া গেলে পরবর্তী সভায় উপস্থাপন করা হবে। | সুষ্ঠুভাবে দাপ্তরিক কার্যক্রম পরিচালনার জন্য তাকে ধন্যবাদ জ্ঞাপন করা হয়। | (ক) উপজেলা বন কর্মকর্তা, বাবুগঞ্জ বরিশাল |
| বিবিধ | (ক) উপজেলা নির্বাহী অফিসার, বাবুগঞ্জ,বরিশাল জানান যে, এ উপজেলায় নির্মিত মাননীয় প্রধানমন্ত্রীর আশ্রয়ন প্রকল্পে উপকারভোগীদের যাতায়াতের জন্য রাস্তা করা প্রয়োজন। এ বিষয়ে সভায় আলোচনা হয়।<br><br>(খ) উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, বাবুগঞ্জ, বরিশাল সভাকে জানান যে, দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন এর উদ্দেশ্যে আনসার দপ্তর হতে বেকারদের বিভিন্ন প্রশিক্ষণ চলছে। এ বিষয়ে তিনি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানদের দৃষ্টি আকর্ষন করেন। বর্তমানে গাড়ীচালক প্রশিক্ষন শুরু হবে। বেকার যুবকদের প্রশিক্ষনের উদ্দেশ্য আনসার | (ক) উপজেলা প্রকৌশলী, বাবুগঞ্জ আশ্রয়ন প্রকল্পসমূহ পরিদর্শন করে আগামী সভায় এ বিষয়ে প্রতিবেদন দাখিল করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(খ) ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানগণ তাদের ইউনিয়নের বেকার যুবকদের প্রশিক্ষনের উদ্দেশ্য আনসার দপ্তরে যোগাযোগ করার জন্য | উপজেলা প্রকৌশলী বাবুগঞ্জ, বরিশাল<br><br>ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান(সকল) |

CamScanner

| | | | |
|---|---|---|---|
| | দপ্তরে পাঠানোর জন্য তিনি অনুরোধ করেন। এছাড়া আনসার ও ভিডিপি নতুন ভবনে যাতায়াতের রাস্তায় দুটি গাছ প্রতিবন্ধকতার সৃষ্টি করছে। গাছ দুটি কর্তন করা হলে জনসাধারনের যাতায়াতের সুবিধা হয়। সভায় এ বিষয়ে আলোচনা হয়। | পরামর্শ প্রদান করবেন। | |
| | (গ) জনাব ইকবাল আহম্মেদ, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ,বাবুগঞ্জ, বরিশাল সভাকে জানান যে, বাবুগঞ্জ অফিসার্স ক্লাবে বহিরাগত লোকজন যেন ব্যবহার করতে না পারে যে জন্য সংশ্লিষ্টদের দৃষ্টি আকর্ষণ করেন। এছাড়া উপজেলা পরিষদের কোয়ার্টার গুলো ক্ষুদ্র মেরামত কাজ চলছে। উক্ত ক্ষুদ্র মেরামত কাজ যেন সঠিকভাবে সম্পন্ন হয় সে বিষয়ে উপজেলা প্রকৌশলীর দৃষ্টি আকর্ষন করেন। তিনি আরো জানান ২০২২-২৩ অর্থ বছরের উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তার কার্যালয়ে বরাদ্দকৃত ৪০ দিনের কর্মসূচি কার্যক্রম বাস্তবায়নের অগ্রগতি সম্পর্কে জানতে চান। | (গ) উপজেলা পরিষদের কোয়ার্টার গুলোর ক্ষুদ্র মেরামত কাজের তদারকি করতে হবে। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা আগামী সভায় বাস্তবায়ন প্রতিবেদন দাখিল করবেন। | উপজেলা প্রকৌশলী ও উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা বাবুগঞ্জ, বরিশাল |
| | (ঘ) সভাপতি গত সভার সিদ্ধান্ত মোতাবেক উপজেলা পরিষদের পুকুর পাড়ে প্যালাসাইডিংসহ রাস্তা নির্মাণ ও ওয়াকওয়ে নির্মাণ কাজের অগ্রগতি সম্পর্কে জানতে চাইলে উপজেলা প্রকৌশলী এ বিষয়ে সভাকে জানান যে, উক্ত প্যালাসাইডিং কাজ শেষ হয়েছে। পরবর্তী কাজ শুরু করতে হবে। | (ঘ) সম্পূর্ণ কাজ শেষ করতে হবে। উক্ত কাজের তদারকি করতে হবে | উপজেলা প্রকৌশলী বাবুগঞ্জ, বরিশাল |
| | (ঙ) সভাপতি আরো জানান যে, উপজেলা পরিষদের সীমানা বাউন্ডারী ওয়াল করার জন্য ইতোপূর্বে অনেকবার সভায় আলোচনা করা হয়েছে। কিন্তু কার্যক্রম গ্রহণ করা হয়নি। পরিষদের বাউন্ডারী ওয়াল করা জরুরী। এ বিষয়ে সভায় সকলে একমত পোষন করেন। | (ঙ) উপজেলার সীমানা দেখে বাউন্ডারীর কি অবস্থা এবং এ বিষয়ে কি করা প্রয়োজন সে বিষয়ে প্রতিবেদন আগামী সভায় পেশ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী বাবুগঞ্জ, বরিশাল |

অতঃপর সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলের সহযোগিতা কামনা করে উপস্থিত সদস্যবৃন্দকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম সমাপ্ত ঘোষণা করেন।

(কাজী ইমদাদুল হক)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ,বাবুগঞ্জ, বরিশাল

স্মারক নম্বর-০৫.১০.০৬০৩.০০১.০৬.০০১.২৩- ৪৯৮ (৫০)

তারিখ ঃ ০৫ শ্রাবণ ১৪৩০ বঙ্গাব্দ
২০ জুলাই ২০২৩ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো ঃ-

১। মাননীয় সংসদ সদস্য, ১২১, বরিশাল-০৩ ।
২। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। বিভাগীয় কমিশনার,বরিশাল ।
৪। জেলা প্রশাসক, বরিশাল।
৫। উপ-পরিচালক, স্থানীয় সরকার, বরিশাল।
৬। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বাবুগঞ্জ, বরিশাল।
৭। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বাবুগঞ্জ, বরিশাল।
৮। উপজেলা ..............................................অফিসার, বাবুগঞ্জ, বরিশাল।
৯। চেয়ারম্যান ..............................................ইউপি, বাবুগঞ্জ, বরিশাল।
১০। জনাব...........................................................বাবুগঞ্জ, বরিশাল।
১১। অফিস কপি।

(শাকিলা রহমান)
উপজেলা নির্বাহী অফিসার
বাবুগঞ্জ, বরিশাল।